গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর
(সংস্থাপন শাখা)
www.chandpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.১৩০০.০২৭.০১.০২৩.২১-৫৩২

তারিখ : ১৮ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
০২ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৪ জানুয়ারি ২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৪০.১৬-১০ নং স্মারক, ১২ মার্চ ২০২০ তারিখের ০৫.০০. ০০০০.১৬৬.১১.০৪০.১৬-৬৭ নং স্মারক, ১৮ জানুয়ারি ২০২১ তারিখের ০৫.০০. ০০০০.১৬৬.১১.০৪০.১৬-২১ নং স্মারক এবং ০৩ অক্টোবর ২০২১ তারিখের ০৫.০০. ০০০০.১৬৬.১১.০৪০.১৬-২২৬ নং স্মারকের ছাড়পত্র ও বিভাগীয় নির্বাচনী বোর্ড, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম এর ০৬ অক্টোবর ২০২০ তারিখের ০৫.৪২.০০০০.০০৩.০৩.০০৭.২০-১০৯ নং স্মারক এবং ২১ ডিসেম্বর ২০২১ তারিখের ০৫.৪২.০০০০.০০৩.০৩.০০৭.১৬ -১৬০ নং স্মারকমূলে নিয়োগ বিজ্ঞপ্তি জারীর অনুমোদনের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের নিম্নবর্ণিত শূন্য পদের বিপরীতে প্রদর্শিত ২০১৫ সালের জাতীয় বেতন স্কেলে প্রদত্ত বেতন ভাতায় জনবল নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তে অনলাইনে (http://dcchandpur.teletalk.com.bd ওয়েবসাইটে) জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও চাঁদপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | লাইব্রেরিয়ান | ০১ (এক) টি | গ্রেড : ১৩<br>স্কেল : ১১০০০-২৬৫৯০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতক ডিগ্রি অথবা যেকোন বিষয়ে স্নাতক ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে |
| ০২ | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | ০৪ (চার) টি | গ্রেড : ১৩<br>স্কেল : ১১০০০-২৬৫৯০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা থাকতে হবে<br>(গ) কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা থাকতে হবে<br>(ঘ) সাঁটলিপিতে ন্যুনতম প্রতি মিনিটে বাংলায় ৫০ শব্দ এবং ইংরেজিতে ৮০ শব্দের গতি সম্পন্ন হতে হবে এবং কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি ন্যূনতম বাংলা ও ইংরেজিতে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ থাকতে হবে। |
| ০৩ | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০৬ (ছয়) টি | গ্রেড : ১৪<br>স্কেল : ১০২০০-২৪৬৮০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা থাকতে হবে<br>(গ) কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা থাকতে হবে<br>(ঘ) সাঁটলিপিতে ন্যুনতম প্রতি মিনিটে বাংলায় ৪৫ শব্দ এবং ইংরেজিতে ৭০ শব্দের গতি সম্পন্ন হতে হবে এবং কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি ন্যূনতম বাংলা ও ইংরেজিতে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ থাকতে হবে। |
| ০৪ | সার্টিফিকেট সহকারী | ০৪ (চার) টি | গ্রেড : ১৬<br>স্কেল : ৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকতে হবে এবং কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি ন্যূনতম বাংলা ও ইংরেজিতে ২০ শব্দ থাকতে হবে। |
| ০৫ | লাইব্রেরী সহকারী | ০১(এক) টি | গ্রেড : ১৬<br>স্কেল : ৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকতে হবে এবং কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি ন্যূনতম বাংলা ও ইংরেজিতে ২০ শব্দ থাকতে হবে। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। প্রার্থীর বয়স ২০/০১/২০২২ খ্রিস্টাব্দ তারিখে অবশ্যই ১৮ হতে ৩০ বছরের মধ্যে থাকতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য যে, বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যাদের ক্ষেত্রে ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারীকৃত জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ অনুসরণ করা হবে।

৩। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

৪। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৫। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি মতে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

৬। চাকরির জন্য আবেদন আগামী ০৪/০১/২০২২ তারিখ সকাল ১০:০০ টা হতে ২০/০১/২০২২ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। সরাসরি/ ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

৭। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/ উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ :

ক) সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র;

খ) চাঁদপুর জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;

গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;

ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

ঙ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তিপত্র;

চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র;

ছ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং;

জ) নির্দিষ্ট কোটা দাবীর ক্ষেত্রে দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমানপত্র।

ঝ) সাঁটলিপি ও কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র।

৮। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

৯। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য হিসাবে বিবেচিত হবেন না।

১১। অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dcchandpur.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৪/০১/২০২২ সকাল ১০:০০টা।

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২০/০১/২০২২ বিকাল ৫:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি ( দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভূল তথ্য, ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি নিশ্চিত করে ডাউনলোড ও রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বর এর মাধ্যমে ০২ (দুইটি) SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বারো) টাকা অফেরতযোগ্য মোট ১১২/-(একশত বারো) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে

উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online- আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS** : DCCHANDPUR <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : **DCCHANDPUR ABCDEF**

Reply : Applicant's Name, Tk. 112 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCCHANDPUR Yes PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** DCCHANDPUR <space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : **DCCHANDPUR YES 12345678**

Reply : Congratulations Applicant's Name, payment completed successfully for DCCHANDPUR Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcchandpur.teletalk.com.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধু Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে:

DCCHANDPUR <space> Help <space> User <space> User ID & Send to 16222

Example: **DCCHANDPUR Help User 12345678** Send to 16222

ii) PIN Number জানা থাকলে:

**DCCHANDPUR**<space> Help<space> PIN <space>PIN NO & Send to 16222

Example: **DCCHANDPUR Help PIN 12345678** Send to 16222

ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd বা alljobs.query@teletalk.com.bd বা dcchandpur@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

১২। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৩। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও চাঁদপুর জেলার ওয়েবপোর্টাল www.chandpur.gov.bd এবং http://dcchandpur.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com. bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.chandpur.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

১৪। পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/ পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি অনুসরণ করা হবে।

১৬। কেবল একটি পদের জন্য আবেদন করা যাবে। একাধিক পদের বিপরীতে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একটি পদের বিপরীতে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।

১৭। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৮। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(অঞ্জনা খান মজলিশ)
জেলা প্রশাসক
চাঁদপুর
ফোন : ০৮৪১-৬৩১১১/৬৩১২১
মোবাইল : ০১৭৩০-০৬৭০৫০
ই-মেইল : dcchandpur@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.১৩০০.০২৭.০১.০২৩.২১- ৫৩২(১০০)

তারিখ : ১৮ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
০২ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
০৪। জেলা প্রশাসক, ..................................(সকল)
০৫। পুলিশ সুপার, চাঁদপুর।
০৬। মেয়র, ...................................................... (সকল), চাঁদপুর।
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁদপুর।
০৮। সিভিল সার্জন, চাঁদপুর।
০৯। উপপরিচালক, স্থানীয় সরকার, চাঁদপুর।
১০। অতিরিক্ত জেলা প্রশাসক রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁদপুর।
১১। কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, চাঁদপুর জেলা কমান্ড।
১২। উপজেলা নির্বাহী অফিসার....................................(সকল), চাঁদপুর।
১৩। সহকারী কমিশনার (ভূমি),....................................(সকল), চাঁদপুর।
১৪। সহকারী কমিশনার, ..................................................শাখা (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর।
১৫। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর। তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তি জেলা প্রশাসক, চাঁদপুর এর ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।
১৬। জেলা তথ্য অফিসার, চাঁদপুর।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং ৩/এ, ৫/এ,৭/এ. রোড নং-১৭, গুলশান-১, ঢাকা-১২১২। তাঁকে উল্লিখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
১৮। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক সমকাল, ঢাকা ও সম্পাদক, চাঁদপুর দর্পন, চাঁদপুর নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় ৯X৫ সাইজের ভিতরের পাতায় ০১(এক) দিনের জন্য স্বল্প পরিসরে প্রকাশ করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারিত সংখ্যার ৫(পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৯। পোস্ট মাষ্টার, প্রধান ডাকঘর, চাঁদপুর।
২০। ওয়েব সাইট/নোটিশ বোর্ড।
২১। মাস্টার ফাইল।

02/01/2022

জেলা প্রশাসক
চাঁদপুর